গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ৩০ মার্চ ২০১৫, ১৬ চৈত্র ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশে উচ্চ শিক্ষার মান বজায় রাখতে রাষ্ট্রপতির আহ্বান

২। তিন সিটি কর্পোরেশন নির্বাচনে উৎসাহে উৎকণ্ঠায় মনোনয়নপত্র দাখিল

৩। তৃণমূল পর্যন্ত চিকিৎসা সেবা নেটওয়ার্ক গড়ে তোলা হয়েছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৪। সন্ত্রাসের বিরুদ্ধে প্রচারে টিভি ও বেতারকে নির্দেশ দেওয়া হয়েছে : তথ্যমন্ত্রী

৫। নদী দূষণ, দখল রোধে জরিমানা ও কারাদণ্ডের বিধান রেখে নতুন আইনের সুপারিশ

৬। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণে আন্তর্জাতিক দরপত্র আহ্বান

৭। দেশের পোশাক শিল্প, জ্বালানি ও পরিবহণ খাতে সহযোগিতা দেবে স্পেন

৮। সিটি কর্পোরেশন নির্বাচনের কারণে ২৬, ২৭ ও ২৮ এপ্রিলের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত

৯। নেপাল আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বাংলাদেশি পণ্যে ব্যাপক সাড়া

১০। ভূমিতে নারীর অধিকার প্রতিষ্ঠায় গণমাধ্যমকে ভূমিকা রাখতে হবে

চলমান পাতা/২

১। দেশে উচ্চ শিক্ষার মান বজায় রাখতে রাষ্ট্রপতির আহ্বান

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, দেশে উচ্চ শিক্ষার মান বজায় রাখা একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জন্য মানসম্মত উচ্চ শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সুদির্নিষ্ট কর্মপরিকল্পনা নিয়ে কাজ করার জন্য তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) নির্দেশ দেন। গতকাল ২৯ মার্চ রোববার রাজধানীতে সপ্তম ইউজিসি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, 'শিক্ষার মান সংরক্ষণ এবং এর পর্যায়ক্রমিক উন্নয়নে শিক্ষক ও গবেষকরা মুখ্য ভূমিকা পালন করেন। জ্ঞান অর্জন ও তার চর্চা এবং এর উন্নয়নে আপনাদের আন্তরিক ও কার্যকর ভূমিকা পালন করতে হবে। সূত্র-সমকাল (পৃ.২,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৪), ডেইলি সান (পৃ.২,ক.২)।

২। তিন সিটি কর্পোরেশন নির্বাচনে উৎসাহে উৎকণ্ঠায় মনোনয়নপত্র দাখিল

একদিকে উৎসাহ-উদ্দীপনা অন্যদিকে উৎকণ্ঠার মধ্যে ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক প্রার্থীরা তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। মেয়র পদেই তিন সিটিতে মনোনয়নপত্র জমা দিয়েছেন ৬০ জন। এ সংখ্যা অতীতের যেকোনো সময়ের চেয়ে বেশি। ঘোষিত তফসিল অনুযায়ী গতকাল ২৯ মার্চ রোববারই ছিল মনোনয়নপত্র দাখিলের শেষ দিন। আগামী ১ ও ২ এপ্রিল মনোনয়নপত্র যাচাই-বাছাই করা হবে। ৯ এপ্রিল পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ থাকবে। ২৮ এপ্রিল তিন সিটিতে একযোগে ভোট গ্রহণ করা হবে। মনোনয়নপত্র জমা দেওয়ার সময় প্রার্থী ও প্রতিনিধিরা জানান, ভোটের সুষ্ঠু পরিবেশ ও লেভেল প্লেয়িং ফিল্ড তৈরি করতে হবে নির্বাচন কমিশনকে। রিটার্নিং কর্মকর্তারা জানিয়েছেন, যেকোনো মূল্যে নির্বাচনে সব প্রার্থীর জন্য লেভেল প্লেয়িং ফিল্ড তৈরি করা হবে। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, সংবাদ, জনকণ্ঠ, ইনকিলাব, ডেইলি স্টার, ডেইলি অবজারভার, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। তৃণমূল পর্যন্ত চিকিৎসা সেবা নেটওয়ার্ক গড়ে তোলা হয়েছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সার্বজনীন স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে কেন্দ্র থেকে তৃণমূল পর্যায় পর্যন্ত চিকিৎসা সেবা নেটওয়ার্ক গড়ে তোলা হয়েছে। ইতোমধ্যে ২০১২ থেকে ২০৩২ সাল মেয়াদী একটি কৌশল গ্রহণ করা হয়েছে। এর অধীনে গরিব ও দুস্থ রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানে স্বাস্থ্য কার্ড দেওয়া হবে। পাইলট স্কিম হিসাবে এটা অচিরেই চালু করে পর্যায়ক্রমে সারা দেশে তা চালু করা হবে। গতকাল ২৯ মার্চ রোববার সংসদে সরকার দলীয় সদস্য নূরজাহান বেগমের ৭১ বিধিতে আনা এক নোটিশের জবাবে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

৪। সন্ত্রাসের বিরুদ্ধে প্রচারে টিভি ও বেতারকে নির্দেশ দেওয়া হয়েছে : তথ্যমন্ত্রী

চলমান অবরোধ-হরতালে পেট্রোলবোমা নিক্ষেপ ও জ্বালাও-পোড়াওসহ সন্ত্রাসের বিরুদ্ধে সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলসমূহ প্রচার চালিয়ে যাচ্ছে। এ বিষয়ে সকল টেলিভিশন চ্যানেল ও বেতার কেন্দ্রকে মন্ত্রণালয়ের তরফ থেকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে। ইলেক্ট্রনিক গণমাধ্যমসমূহের প্রধান নির্বাহীদের সঙ্গে মতবিনিময় সভায় তাঁরা স্বপ্রণোদিত হয়ে মানুষ হত্যা, জ্বালাও-পোড়াওয়ের নিন্দা জানান এবং এ বিষয়ে প্রচার বিষয়ে প্রতিশ্রুতি দেন। গতকাল ২৯ মার্চ রোববার জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর অনুপস্থিতিতে তাঁর পক্ষে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এ তথ্য জানান। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.৩,ক.৪), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৬)।

৫। নদী দূষণ, দখল রোধে জরিমানা ও কারাদণ্ডের বিধান রেখে নতুন আইনের সুপারিশ

নদী দূষণ ও দখলরোধে জরিমানার পাশাপাশি কারাদণ্ডের বিধান রেখে নতুন আইন করার সুপারিশ করেছে নদী নাব্য রাখায় গঠিত টাক্সফোর্স কমিটি। এছাড়া আদি বুড়িগঙ্গা চ্যানেল উদ্ধার এবং শৈলমাশী গ্রাম যাতে না ভাঙ্গে সেজন্য নদী খননের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বুড়িগঙ্গা দখলমুক্ত করতে জরিপ কাজ পরিচালনায় আট সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। পাশাপাশি বুড়িগঙ্গার তীরে র‌্যাব ও নৌ-পুলিশের কার্যালয় স্থাপনের জন্য জায়গা দেওয়ার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নিয়েছে টাস্কফোর্স। গতকাল ২৯ মার্চ রোববার নৌপরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু, তুরাগ ও অন্যান্য নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখা সংক্রান্ত টাক্সফোর্সের ২৮তম সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.১৭,ক.৫), ডেইলি স্টার (পৃ.২,ক.১)।

৬। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণে আন্তর্জাতিক দরপত্র আহ্বান

দেশের প্রথম কৃত্রিম ভূ-উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করেছে সরকার। গতকাল ২৯ মার্চ রোববার বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) তাদের ওয়েবসাইটে দরপত্রের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। স্যাটেলাইটের মূল অংশ তৈরি, স্যাটেলাইট উৎক্ষেপণ (লঞ্চ ভেহিকল), গ্রাউন্ড কন্ট্রোল স্টেশন এবং বীমার জন্য এ আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়েছে। তবে বিশ্বের সব দেশ এ দরপত্র প্রক্রিয়ায় অংশ নিতে পারলেও বাংলাদেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক নেই এমন দেশ অংশ নিতে পারবে না। দরপত্র

দাখিলের শেষ দিন নির্ধারণ করা হয়েছে ২ জুন। ওই দিনই দরপত্র খোলা হবে। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৬)।

৭। দেশের পোশাক শিল্প, জ্বালানি ও পরিবহণ খাতে সহযোগিতা দেবে স্পেন

পোশাক শিল্প, অবকাঠামো, জ্বালানি ও পরিবহণ খাতের উন্নয়নে বাংলাদেশকে সহযোগিতা করবে স্পেন। বাংলাদেশ ও স্পেনের মধ্যে পররাষ্ট্র সচিব পর্যায়ের নিয়মিত বৈঠক অনুষ্ঠানের লক্ষ্যে একটি সমঝোতা চুক্তি সই হবে। জাতিসংঘ নিরাপত্তা পরিষদে অস্থায়ী সদস্যপদে স্পেনকে বাংলাদেশ সমর্থন দেওয়ায় কৃতজ্ঞতা প্রকাশ করেছে দেশটি। এছাড়া বাংলাদেশের চলমান উন্নয়নে সহযোগী হতে আগ্রহী স্পেন। গতকাল ২৯ মার্চ রোববার পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সঙ্গে স্পেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রী ইগানাসিও ইবেনেজ রুবিওর এক বৈঠকে এসব আলোচনা হয়েছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), যুগান্তর (পৃ.২,ক.৩)।

৮। সিটি কর্পোরেশন নির্বাচনের কারণে ২৬, ২৭ ও ২৮ এপ্রিলের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত

আসন্ন ঢাকা উত্তর, দক্ষিণ ও চট্টগ্রাম তিন সিটি কর্পোরেশন নির্বাচনের কারণে আগামী ২৬, ২৭ ও ২৮ এপ্রিলের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। এসব পরীক্ষার নতুন সময়সূচি পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। তবে অন্যান্য পরীক্ষা নির্ধারিত সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮), নিউ নেশন (পৃ.১,ক.৫)।

৯। নেপাল আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বাংলাদেশি পণ্যে ব্যাপক সাড়া

এবার নেপাল আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ব্যাপক সাড়া ফেলেছে বাংলাদেশের তৈরি পণ্য। এতে দেশীয় ওয়ালটনসহ বিভিন্ন কোম্পানির মোট ৯২টি স্টল ছিল বাংলাদেশের। নেপালের গ্রাহক ও ব্যবসায়ী ছাড়াও বিভিন্ন দেশ থেকে আসা দর্শনার্থীরা বাংলাদেশের পণ্যের প্রতি বিশেষ আগ্রহ দেখিয়েছেন। সূত্র-সংবাদ (পৃ.১৪, ক.২)।

১০। ভূমিতে নারীর অধিকার প্রতিষ্ঠায় গণমাধ্যমকে ভূমিকা রাখতে হবে

রাজধানীতে আয়োজিত এক কর্মশালায় বক্তারা বলেছেন, নারী-পুরুষের সামাজিক অবস্থান নির্ধারিত হয় ভূমি মালিকানার ওপর ভিত্তি করে। নারী ক্ষমতায়নের অন্যতম পূর্বশর্ত নারীর অর্থনৈতিক উন্নয়ন তথা ভূমি ও সম্পত্তিতে নারীর অধিকার প্রতিষ্ঠা করা। তবে ভূমিতে নারীর অধিকার নানাভাবে উপেক্ষিত একটি বিষয়। এ অবস্থায় নারীর ভূমি অধিকার প্রতিষ্ঠায় গণমাধ্যমকে বিশেষ ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন তারা। অ্যাসোসিয়েশন ফর ল্যান্ড রিফর্ম অ্যান্ড ডেভেলপমেন্ট (এএলআরডি)'র উদ্যোগে এবং বাংলাদেশ নারী সাংবাদিক কেন্দ্র এ কর্মশালার আয়োজন করে। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ, ডেইলি অবজারভার, নিউজ টুডে, ডেইলি সান : ঢাকা উত্তর, দক্ষিণ ও চট্টগ্রাম তিন সিটি কর্পোরেশন নির্বাচনের জন্য নির্বাচন কমিশনকে সক্রিয় ভূমিকা পালন করে সুষ্ঠু নির্বাচনের জন্য সবকিছু করার সুপারিশ,

খ. ইত্তেফাক : মুমূর্ষু রোগীদের পরিবহণে অ্যাম্বুলেন্সে পর্যাপ্ত সুযোগ-সুবিধা না থাকায় অ্যাম্বুলেন্স সেবা ও নীতিমালা সম্পর্কিত নতুন বিধিমালা তৈরির ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : মানব গোষ্ঠীকে সুদক্ষ মানবসম্পদ হিসেবে গড়তে শিক্ষার কোনো বিকল্প নেই বলে অভিমত;

ঘ. যুগান্তর : পিডিবি ও ডিপিডিসির মিটার ক্রয়ে অনিয়ম ও দুর্নীতির কারণে সরকারের শত কোটি টাকা লোকসান হওয়ায় দোষীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঙ. সমকাল : বিশ্ব ব্যাংক দুর্নীতির কারণে যেসব প্রকল্প থেকে অর্থ ফিরিয়ে নিয়েছে, তার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আহ্বান;

চ. ইনকিলাব : ভারত থেকে চাল আমদানির আগ্রাসন বন্ধ করাসহ খাদ্য উৎপাদন বাড়ানোর জোর পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

ছ. ডেইলি স্টার : নারী উদ্যোক্তাদের অর্থায়নের ব্যাপারে কেন্দ্রীয় ব্যাংকের নতুন নির্দেশনাকে স্বাগত জানিয়ে এ ব্যাপারে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার প্রত্যাশা;

জ. ইন্ডিপেনডেন্ট : দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য সমুদ্র সম্পদ আহরণের লক্ষ্যে সমুদ্র নিয়ে গবেষণা করার ওপর গুরুত্বারোপ;

ঝ. ডেইলি সান, ডেইলি স্টার : শিক্ষার্থীদের শারীরিক নির্যাতন বন্ধের আইনই শুধু পর্যাপ্ত নয় আইনের যথাযথ প্রয়োগ করে ভীতিমুক্ত শিক্ষার পরিবেশ নিশ্চিত করার আহ্বান;

ঞ. নিউ এজ : স্থানীয় যুব লীগ লিডারের লোকদের হয়রানির কারণে বগুড়ার তালতলীতে ১৪ হিন্দু পরিবারের পৈতৃক ভিটা ত্যাগের ঘটনা তুলে ধরে কর্তৃপক্ষকে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ট. ফিনানসিয়াল এক্সপ্রেস : উপকূলীয় অঞ্চলের লোকদেরকে পরিবেশ দূষণের কারণে সৃষ্ট দুর্যোগের হাত থেকে সুরক্ষায় সরকারসহ উন্নয়ন সহযোগীদের এগিয়ে আসার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে তিন সিটি কর্পোরেশন নির্বাচনকে সামনে রেখে নির্বাচন পর্যবেক্ষণ বিষয়ে নির্বাচন কমিশন সঠিক সিদ্ধান্ত নিলে ভূঁইফোঁড় এবং অদক্ষ পর্যবেক্ষক সংস্থাগুলো ঝরে যাবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'বিশ্ববিদ্যালয়ে গণতন্ত্র চর্চা ও শিক্ষা সংকট' শিরোনামের নিবন্ধে ড. এ. এইচ আহমেদ কামাল বিশ্ববিদ্যালয়গুলোতে জ্ঞান ও বিজ্ঞান চর্চাকে আরও সৃষ্টিশীল করতে হলে ক্ষুদ্র স্বার্থ প্রসূত দলাদলি আর যথেচ্ছাচারিতার উর্ধ্বে অবস্থান নিয়ে গণতন্ত্র আর স্বায়ত্তশাসনের নামে সকল প্রকার স্বার্থান্বেষী ও দায়িত্বহীন কর্মকাণ্ড বর্জন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা